

# 💵 সুনান ইবনু মাজাহ

হাদিস নাম্বারঃ ১১৩৯

৫/ সালাত কায়িম করা ও নিয়ম-কানুন (كتاب إقامة الصلاة والسنة)

পরিচ্ছেদঃ ৫/৯৯. জুমু'আহর দিন দু'আ কবূল হওয়ার একটি মুহূর্ত আছে।

بَابِ مَا جَاءَ فِي السَّاعَةِ الَّتِي تُرْجَى فِي الْجُمُعَةِ

## আরবী

حَدَّثَنَا عَبْدُ الرَّحْمَنِ بْنُ إِبْرَاهِيمَ الدِّمَشْقِيُّ، حَدَّثَنَا ابْنُ أَبِي فُدَيْكِ، عَنِ الضَّحَّاكِ بْنِ عَنْ عُبْدِ اللَّهِ بْنِ سَلَامٍ، قَالَ قُلْتُ وَرَسُولُ اللَّهِ عَنْ عَبْدِ اللَّهِ بْنِ سَلَامٍ، قَالَ قُلْتُ وَرَسُولُ اللَّهِ عَنْمُ الله عليه وسلم - جَالِسٌ إِنَّا لَنَجِدُ فِي كِتَابِ اللَّهِ فِي يَوْمِ الْجُمُعَةِ سَاعَةٌ لاَ يُوَافِقُهَا عَبْدٌ مُؤْمِنٌ يُصِلِّي يَسْأَلُ اللَّهَ فِيهَا شَيْئًا إِلاَّ قَضَى لَهُ حَاجَتَهُ . قَالَ عَبْدُ اللَّهِ فَأَشَارَ إِلَىَّ عَبْدٌ مُؤْمِنٌ يُصلِي يَسْأَلُ اللَّهَ فِيهَا شَيْئًا إِلاَّ قَضَى لَهُ حَاجَتَهُ . قَالَ عَبْدُ اللَّهِ فَأَشَارَ إِلَىَّ عَبْدُ مُؤْمِنٌ يُصلِي الله عليه وسلم - أَوْ بَعْضُ سَاعَةٍ . فَقُلْتُ صِدَقْتَ أَوْ بَعْضُ سَاعَةٍ . فَقُلْتُ صِدَقْتَ أَوْ بَعْضُ سَاعَةٍ . قَلْتُ أَيُّ سَاعَةٍ هِيَ قَالَ " هِيَ آخِرُ سَاعَةٍ مِنْ سَاعَاتِ النَّهَارِ " قُلْتُ إِنَّا الْسَتْ سَاعَة مِنْ سَاعَة مِنْ سَاعَة إِنَّا الصَّلَاةُ فَهُو فِي صَلَاةٍ . قَالَ " بَلَى إِنَّ الْعَبْدَ الْمُؤْمِنَ إِذَا صَلَيَ ثُمَّ جَلَسَ لاَ يَحْبِسُهُ إِلاَّ الصَّلاَةُ فَهُو فِي صَلاَةٍ . قَالَ " بَلَى إِنَّ الْعَبْدَ الْمُؤْمِنَ إِذَا صَلَيَ ثُمَّ جَلَسَ لاَ يَحْبِسُهُ إِلاَّ الصَّلاَةُ فَهُو فِي صَلاَةٍ . . قَالَ " بَلَى إِنَّ الْعَبْدَ الْمُؤْمِنَ إِذَا صَلَى ثُمَّ جَلَسَ لاَ يَحْبِسُهُ إِلاَّ الصَّلاَةُ فَهُو فِي صَلاَةٍ . . .

#### বাংলা

৩/১১৩৯। আবদুল্লাহ ইবনু সালাম (রাঃ) থেকে বর্ণিত। তিনি বলেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর বসে থাকা অবস্থায় আমি বললাম, আমরা আল্লাহ্র কিতাবে জুমুআহর দিনের এমন একটি মুহূর্ত সম্পর্কে উল্লেখ পেয়েছি যে, সেই মুহূর্তে কোন মুমিন বান্দা সালাতরত অবস্থায় আল্লাহ্র নিকট কিছু প্রার্থনা করলে, তিনি তার প্রয়োজন পূরণ করেন। আবদুল্লাহ বলেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম আমার দিকে ইশারা করে বললেনঃ এক ঘণ্টার সামান্য সময় মাত্র। আমি বললাম, আপনি যথার্থই বলেছেন, এক ঘণ্টার সামান্য সময়ই। আমি বললাম, সেটি কোন মুহূর্ত? তিনি বলেনঃ সেটি হলো দিনের শেষ মুহূর্ত। আমি বললাম, তা সালাতের সময় নয়? তিনি বলেনঃ হ্যাঁ। মুমিন বান্দা এক সালাত (নামায/নামাজ) শেষ করে বসে বসে অন্য সালাতের প্রতীক্ষায় থাকলে সে সালাতের মধ্যেই থাকে।

# **English**



It was narrated that 'Abdullah bin Salam said:

"I said, when the Messenger of Allah (\*\*) was sitting: 'We find in the Book of Allah that on Friday there is an hour when no believing slave performs prayer and asks Allah for anything at that time, but Allah will fulfill his need.'" 'Abdullah said: "The Messenger of Allah (\*\*) pointed to me, saying: 'Or some part of an hour.' I said: 'you are right, or some part of an hour.' I said: 'What time is that?' He said: 'It is the last hours of the day.' I said: 'It is not the time of the prayer?' He said: 'Yes (it is so), when a believing slave performs prayer and then sits with nothing but the prayer keeping him, he is still in a state of prayer.'"

### ফুটনোট

তাখরীজ কুতুবুত সিত্তাহ: আহমাদ ২৩২৬৯

তাহ্কীক আলবানী: হাসান সহীহ। তাখরীজ আলবানী: তালীকু রগীব ২৫১, মিশকাত ১৩৫৯।

হাদিসের মান: হাসান (Hasan) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন